# বার্ষিক প্রতিবেদন
# ২০১৮-২০১৯

জাতীয় গ্রন্থকেন্দ্র
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন
**২০১৮-২০১৯**

**প্রকাশক:** জাতীয় গ্রন্থকেন্দ্র

**প্রকাশকাল:** ১৪ অক্টোবর ২০১৯

পরিচালক মিনার মনসুর কর্তৃক গ্রন্থভবন ৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০ থেকে প্রকাশিত

**যোগাযোগ:**

জাতীয় গ্রন্থকেন্দ্র
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০
ফোন (অটো): ৯৫৫৫৭৪৫, ৯৫৬৬৩২৬ ফ্যাক্স: ৯৫৭২২১১
Email: granthakendro.org@gmail.com
Web:www.nbc.org.bd

# সবিনয় নিবেদন

জাতীয়  গ্রন্থকেন্দ্রের বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯ প্রকাশিত হলো। এ প্রতিবেদনে সংক্ষিপ্ত আকারে গ্রন্থকেন্দ্রের বিগত অর্থ বছরের সম্পাদিত কার্যক্রমের বিবরণ তুলে ধরা হয়েছে। আগ্রহী পাঠক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের প্রাসঙ্গিক তথ্যের চাহিদা এতে পূরণ হবে আশা করা যায়। তবে জাতীয় গ্রন্থকেন্দ্রের মতো গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদনে আরো যেসব বিষয়ের প্রতিফলন থাকা দরকার সময় ও জনবলের ঘাটতির কারণে এবার তা সম্ভব হয়নি। একারণে আমাদের মধ্যেও একটি অসন্তুষ্টি রয়ে গেছে। আমরা আশা করি, পরবর্তী বার্ষিক প্রতিবেদনে আমরা এ সীমাবদ্ধতা কাটিয়ে উঠতে সক্ষম হবো।

জাতীয় গ্রন্থকেন্দ্রের কর্মসূচিসমূহ বাস্তবায়নে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসনসহ যারা নানাভাবে আমাদের সহায়তা করেছে—এ সুযোগে তাদের সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

সবার জন্য শুভ কামনা।

**মিনার মনসুর**
পরিচালক

ঢাকা: ১৪ অক্টোবর ২০১৯

সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | ভিশন (রূপকল্প) | ৫ |
| ২ | মিশন (অভিলক্ষ্য) | ৫ |
| ৩ | কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৫ |
| ৪ | জাতীয় গ্রন্থকেন্দ্রের কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৫ |
| ৫ | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৫ |
| ৬ | এক নজরে জাতীয় গ্রন্থকেন্দ্র: প্রতিষ্ঠা ও পরিচিতি | ৫ |
| ৭ | জাতীয় গ্রন্থকেন্দ্রের দায়িত্ব ও কার্যাবলী | ৬ |
| ৮ | জাতীয় গ্রন্থকেন্দ্রের জনবল | ৬ |
| ৯ | সংস্থার জনবল  কাঠামোর ছক | ৬-৭ |
| ১০ | আইন/বিধি ও নীতিমালা | ৭ |
| ১১ | জাতীয় গ্রন্থকেন্দ্রের বিভিন্ন ফোকাল পয়েন্ট ও ডেজিগনেটেড কর্মকর্তাদের তালিকা | ৮ |
| ১২ | জাতীয় গ্রন্থকেন্দ্রের ২০১৮-২০১৯ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ | ৯ |
| ১৩ | বিভাগীয়/জেলা পর্যায়ে বইমেলা আয়োজন | ৯-১২ |
| ১৪ | বেসরকারি গ্রন্থাগার তালিকাভুক্তি | ১৩ |
| ১৫ | জাতির পিতার জন্মদিবস উপলক্ষে গ্রন্থ প্রদর্শনীর আয়োজন | ১৩ |
| ১৬ | জাতীয় শোক দিবস পালন এবং গ্রন্থ প্রদর্শনীর আয়োজন | ১৩-১৪ |
| ১৭ | আন্তর্জাতিক গ্রন্থদিবস উদযাপন ও সেমিনার আয়োজন | ১৪-১৫ |
| ১৮ | বেসরকারি গ্রন্থাগারসমূহের মান উন্নয়নের লক্ষ্যে অনুদান প্রদান | ১৫ |
| ১৯ | বেসরকারি গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের প্রশিক্ষণ প্রদান | ১৫ |
| ২০ | বিভিন্ন আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ | ১৬ |
| ২১ | ত্রৈমাসিক ‘বই’ পত্রিকা প্রকাশ | ১৬ |
| ২২ | গ্রন্থাগার নির্দেশিকা প্রকাশ | ১৬ |
| ২৩ | গ্রন্থপঞ্জি প্রকাশ | ১৬ |
| ২৪ | ২০১৯-২০২০ অর্থবছরে জাতীয় গ্রন্থকেন্দ্রের কর্মপরিকল্পনা | ১৭ |

## ভিশন (রূপকল্প)

বইবান্ধব ও পাঠমনস্ক আলোকিত মানুষ গড়ে তোলা।

## মিশন (অভিলক্ষ্য)

সৃজনশীল গ্রন্থের প্রকাশনা (সংখ্যাগত) বৃদ্ধি, গ্রন্থের গুণগত উন্নয়ন, ইতিহাস-ঐতিহ্য ও দেশজ সংস্কৃতি সম্পর্কে জ্ঞান লাভে সহায়তার মাধ্যমে সচেতন ও দায়িত্বশীল সমাজ গঠন।

## কৌশলগত উদ্দেশ্যসমূহ:

### জাতীয় গ্রন্থকেন্দ্রের কৌশলগত উদ্দেশ্যসমূহ

- সৃজনশীল গ্রন্থ সরবরাহ ও গ্রন্থাগারিকদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বেসরকারি গ্রন্থাগারসমূহের সক্ষমতা বৃদ্ধি;
- সৃজনশীল লেখা-সংবলিত সাময়িকী প্রকাশ ও সভা-সেমিনারের মাধ্যমে পাঠক সৃষ্টি এবং লেখক ও প্রকাশকদের উৎসাহিতকরণ;
- দেশে ও বিদেশে বইমেলার আয়োজন ও অংশগ্রহণের মাধ্যমে বইয়ের বাজার সৃষ্টি ও বাংলা প্রকাশনার আন্তর্জাতিকীকরণ।

### আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
- উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
- প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন;
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
- আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
- কর্ম পরিবেশের উন্নয়ন।

## এক নজরে জাতীয় গ্রন্থকেন্দ্র

### প্রতিষ্ঠা ও পরিচিতি:

- 'জাতীয় গ্রন্থকেন্দ্র' গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।

- প্রতিষ্ঠানটির জন্ম ১৯৬০ সালে। উল্লেখ্য যে, গ্রন্থের উন্নয়ন ও প্রসারকে সামনে রেখে ১৯৬০ সালে ইউনেস্কোর সার্বিক সহযোগিতায় তৎকালীন কেন্দ্রীয় সরকারের শিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপন বলে 'ন্যাশনাল বুক সেন্টার অব পাকিস্তান' প্রতিষ্ঠিত হয়। তারই শাখা হিসেবে ঢাকায় এই প্রতিষ্ঠানটির যাত্রা শুরু হয় 'ন্যাশনাল বুক সেন্টার' নামে ।

- মহান স্বাধীনতা অর্জনের পর প্রতিষ্ঠানটির নতুন নামকরণ করা হয় 'জাতীয় গ্রন্থকেন্দ্র বাংলাদেশ'।

- ১৯৯৫ সালের ২৭ নভেম্বর বাংলাদেশ জাতীয় সংসদের ২৭নং আইনবলে 'জাতীয় গ্রন্থকেন্দ্র আইন, ১৯৯৫' গৃহীত হয়। তখন প্রতিষ্ঠানটির নতুন নামকরণ হয় 'জাতীয় গ্রন্থকেন্দ্র'।

- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৭ (সতের) সদস্যবিশিষ্ট একটি পরিচালনা বোর্ড প্রতিষ্ঠানটির পরিচালনা বিষয়ক নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করে থাকে। প্রতিষ্ঠানটির সার্বিক নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত একজন পরিচালক।

- গ্রন্থভবন, ৫/সি বঙ্গবন্ধু এভিনিউস্থ নিজস্ব ভবন থেকে সংস্থাটির কার্যক্রম পরিচালিত হয়। বর্তমানে জাতীয় গ্রন্থকেন্দ্রের কোনো শাখা অফিস নেই।

## জাতীয় গ্রন্থকেন্দ্রের দায়িত্ব ও কার্যাবলি:

জাতীয় গ্রন্থকেন্দ্র আইন ১৯৯৫ অনুযায়ী সংস্থার দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ:

(ক) পাঠসামগ্রীর উপর গ্রন্থপঞ্জি এবং গ্রন্থ প্রকাশ সংক্রান্ত উপাত্ত সংগ্রহ ও প্রকাশ করা;
(খ) পাঠকবর্গের চাহিদা ও রুচি সম্পর্কে অনুসন্ধান করা ও তৎভিত্তিতে প্রতিবেদন প্রকাশ করা;
(গ) পুস্তক প্রকাশনা ও বিপণন ব্যবস্থার উন্নয়ন করা;
(ঘ) জনসাধারণের মধ্যে অধিক ও ব্যাপক হারে পাঠপ্রবণতা ও আগ্রহ সৃষ্টির সুযোগ সৃষ্টি করা;
(ঙ) চলতি ও দুষ্প্রাপ্য বইয়ের প্রদর্শনীর ব্যবস্থা করা;
(চ) দেশে প্রকাশিত পুস্তকের বিস্তারিত বিবরণী প্রকাশ করা;
(ছ) পুস্তক-সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা ও তথ্যানুসন্ধান করা এবং গবেষণা ও তথ্যানুসন্ধানলব্ধ তথ্যাদি প্রকাশ করা;
(জ) পুস্তকের প্রতি শিশু-কিশোরদের আগ্রহ সৃষ্টি করার ব্যবস্থা করা;
(ঝ) কেন্দ্রে গ্রন্থাগার স্থাপন করা এবং গ্রন্থাগারে অধ্যয়নের সুযোগের ব্যবস্থা করা;
(ঞ) গ্রন্থাগার সেবার উন্নয়নের জন্য সচেতনতা সৃষ্টি করা;
(ট) আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন, কর্মশালা, সিম্পোজিয়াম ও বইমেলার আয়োজন করা;
(ঠ) গ্রন্থ প্রকাশনাকে উৎসাহিত করা;
(ড) শিল্পসম্মত উন্নতমানের পুস্তক মুদ্রণে উৎসাহিত করা;
(ঢ) গ্রন্থ প্রকাশনা সম্পর্কিত যে কোনো বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;
(ণ) উপরিউক্ত কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় যেকোনো কাজ করা।

## জাতীয় গ্রন্থকেন্দ্রের জনবল

জাতীয় গ্রন্থকেন্দ্রের দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের জন্য সংস্থার মোট ৭৮টি অনুমোদিত পদ নিয়ে পরিচালকের দপ্তর, উপপরিচালকের দপ্তর, গ্রন্থাগারিকের দপ্তর ও গ্রন্থাগার শাখা, প্রশাসন শাখা, হিসাব শাখা, গবেষণা প্রশিক্ষণ পরিকল্পনা ও তথ্যপ্রযুক্তি শাখা, প্রচার প্রকাশনা ও ম্যাগাজিন শাখা, বিক্রয় উন্নয়ন প্রদর্শনী ও অনুদান শাখা এবং বইমেলা, বেসরকারি গ্রন্থাগার তালিকাভুক্তিকরণ ও পরিদর্শন শাখাসহ মোট ৯টি শাখায় ভাগ করা হয়েছে।

### সংস্থার জনবল কাঠামোর ছক:

| পদের নাম | অনুমোদিত মোট পদ সংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| পরিচালক | ০১ | ০১ | - |
| উপপরিচালক | ০১ | ০১ | - |
| গ্রন্থাগারিক | ০১ | - | ০১ |
| প্রোগ্রাম অর্গানাইজার | ০১ | - | ০১ |
| সহকারী পরিচালক | ০৩ | - | ০৩ |
| উপগ্রন্থাগারিক | ০১ | ০১ | - |
| ফিল্ড অফিসার | ০১ | - | ০১ |
| বিবলিওগ্রাফি অফিসার | ০১ | - | ০১ |
| প্রশাসনিক কর্মকর্তা | ০১ | ০১ | - |
| গবেষণা কর্মকর্তা | ০১ | চলতি দায়িত্ব | ০১ |
| প্রকাশনা কর্মকর্তা | ০১ | ০১ | - |
| হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ | ০১ | - |
| বিক্রয় উন্নয়ন কর্মকর্তা | ০১ | ০১ | - |
| সহকারী গ্রন্থাগারিক | ০২ | ০২ | - |
| কেয়ারটেকার | ০১ | ০১ | - |
| প্রদর্শনী সহকারী | ০১ | চলতি দায়িত্ব | ০১ |

| পদের নাম | অনুমোদিত মোট পদ সংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| কোর্স সেক্রেটারী | ০১ | ০১ | - |
| হিসাবরক্ষক | ০২ | ০১ | ০১ |
| সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ০১ | - | ০১ |
| অভ্যর্থনাকারী | ০২ | ০১ | ০১ |
| ইলেকট্রিশিয়ান | ০১ | ০১ | - |
| গবেষণা সহকারী | ০১ | - | ০১ |
| লাইব্রেরিয়ান | ০১ | - | ০১ |
| সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০১ | - | ০১ |
| উচ্চমান সহকারী | ০৩ | ০২ | ০১ |
| প্রুফ রিডার | ০১ | ০১ | - |
| ক্যাশিয়ার | ০১ | - | ০১ |
| স্টোর কিপার | ০১ | ০১ | - |
| ড্রাইভার | ০৩ | - | ০৩ |
| বিক্রয় সহকারী | ০৩ | ০৩ | - |
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৮ | ০৫ | ০৩ |
| ফটোকপি অপারেটর | ০১ | - | ০১ |
| বুক সর্টার | ০২ | ০২ | - |
| পাঠাগার পরিচারক | ০৪ | ০৩ | ০১ |
| লাইব্রেরি এটেনডেন্ট | ০১ | - | ০১ |
| অফিস সহায়ক | ০৮ | ০৭ | ০১ |
| হেলপার | ০১ | ০১ | - |
| নিরাপত্তা প্রহরী | ০৯ | ০৭ | ০২ |
| মালি | ০১ | ০১ | - |
| পরিচ্ছন্নতাকর্মী | ০২ | ০১ | ০১ |
| **মোট** | **৭৮** | **৪৮** | **৩০** |

## আইন/বিধি ও নীতিমালা

প্রতিবেদনাধীন অর্থবছরে কোনো নতুন আইন/বিধি ও নীতিমালা প্রণয়ন করা হয়নি। তবে উল্লেখিত সময়ে বেসরকারি গ্রন্থাগারে অনুদান বরাদ্দ এবং বই নির্বাচান সরবরাহ সংক্রান্ত নীতিমালা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## জাতীয় গ্রন্থকেন্দ্রের বিভিন্ন ফোকাল পয়েন্ট ও ডেজিগনেটেড কর্মকর্তাদের তালিকা


| ক্রমিক | বিষয় | ফোকাল পয়েন্ট/ডেজিগনেটেড কর্মকর্তাদের নাম, পদবী ও ফোন নম্বর |
|---|---|---|
| ০১ | উদ্ভাবন (ইনোভেশন) | জনাব সুহিতা সুলতানা<br>উপপরিচালক<br>ফোন: ০২-৯৫১৪৮৯৮<br>ইমেইল: suhitasultana@gmail.com |
| ০২ | জাতীয় শুদ্ধাচার কৌশল | জনাব মোঃ ফরিদ উদ্দিন সরকার<br>উপগ্রন্থাগারিক<br>ফোন: ০১৭৮৪৪৭৮৫৪৪<br>ইমেইল: fariduddinsarker781@gmail.com |
| ০৩ | বেসরকারি গ্রন্থাগারসমূহের মধ্যে অনুদান বরাদ্দ ও বই বাছাই সংক্রান্ত কার্যক্রম | জনাব মোঃ ফরিদ উদ্দিন সরকার<br>উপগ্রন্থাগারিক<br>ফোন: ০১৭৮৪৪৭৮৫৪৪<br>ইমেইল: fariduddinsarker781@gmail.com |
| ০৪ | এসডিজি (Sustainable Development Goals) | জনাব মোঃ মনিরুজ্জামান ফকির<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ফোন: ০১৭১১৯৩২৯৬২<br>ইমেইল: maniruzzaman000111@gmail.com |
| ০৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পদ্ধতি (জিআরএস) | জনাব মোঃ ইউনুছ আলী<br>প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ০১৭৮৭৭৭৩২৮৯<br>ইমেইল: mdeali61@gmail.com |
| ০৬ | বেসরকারি গ্রন্থাগার তালিকাভুক্তিকরণ সংক্রান্ত কার্যক্রম | জনাব আনোয়ার হোসেন<br>বিক্রয় উন্নয়ন কর্মকর্তা<br>ফোন: ০১৯২৪৮৮৪৮৯৩<br>ইমেইল: anower.nbc@gmail.com |
| ০৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | জনাব কুমারেশ চন্দ্র বিশ্বাস<br>গবেষণা কর্মকর্তা<br>ফোন: ০১৭১৮২৭০১০৫<br>ইমেইল: kumaresh30.biswas@gmail.com |
| ০৮ | তথ্য অধিকার আইন | জনাব কুমারেশ চন্দ্র বিশ্বাস<br>গবেষণা কর্মকর্তা<br>ফোন: ০১৭১৮২৭০১০৫<br>ইমেইল: kumaresh30.biswas@gmail.com |

## জাতীয় গ্রন্থকেন্দ্রের ২০১৮-২০১৯ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ:

### বিভাগীয়/জেলা পর্যায়ে বইমেলা আয়োজন

জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতি বছর দেশের বিভাগ ও জেলা পর্যায়ে বইমেলার আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০১৮-২০১৯ অর্থবছরে দেশের বিভাগ ও জেলা পর্যায়ে আট (০৮)টি বইমেলার আয়োজন করা হয়।

**ময়মনসিংহ বিভাগীয় বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং ময়মনসিংহ জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ২৫-৩০ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিনব্যাপী ময়মনসিংহ বিভাগীয় বইমেলা ময়মনসিংহ টাউন হল মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলা উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি।




ময়মনসিংহ বিভাগীয় বইমেলা ২০১৯-এর উদ্বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপিসহ অন্যান্য অতিথি

**রংপুর বিভাগীয় বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং রংপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ৫-১২ এপ্রিল ২০১৯ তারিখ পর্যন্ত ০৮ (আট) দিনব্যাপী রংপুর বিভাগীয় বইমেলা রংপুর পাবলিক লাইব্রেরি মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ জয়নুল বারী, বিভাগীয় কমিশনার, রংপুর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব এনামুল হাবীব, জেলা প্রশাসক, রংপুর।



রংপুর বিভাগীয় বইমেলা ২০১৯-এর উদ্বোধনী অনুষ্ঠানে রংপুর বিভাগীয় কমিশনার জনাব মোহাম্মদ জয়নুল বারী সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ শওকত আলীসহ অন্যান্য অতিথি

**টাঙ্গাইল জেলা বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং টাঙ্গাইল জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ৫-১১ এপ্রিল ২০১৯ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিনব্যাপী টাঙ্গাইল জেলা বইমেলা টাঙ্গাইল পৌর উদ্যান মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, টাঙ্গাইল।





টাঙ্গাইল জেলা বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল মান্নান ইলিয়াসসহ অন্যান্য অতিথি

**দিনাজপুর জেলা বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং দিনাজপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ১৪-২০ এপ্রিল ২০১৯ ০৭ (সাত) দিনব্যাপী দিনাজপুর জেলা বইমেলা দিনাজপুর গোর-এ শহীদ ময়দানে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, দিনাজপুর ।

**কুমিল্লা জেলা বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং কুমিল্লা জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ২৩-২৯ এপ্রিল ২০১৯ ০৭ (সাত) দিনব্যাপী কুমিল্লা জেলা বইমেলা কুমিল্লা টাউন হল মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল ফজল মীর, জেলা প্রশাসক, কুমিল্লা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব কাইজার মোহাম্মদ ফারাবী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুমিল্লা।

**পাবনা জেলা বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং পাবনা জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ২৬ এপ্রিল-০৩ মে ২০১৯ ০৮ (আট) দিনব্যাপী পাবনা জেলা বইমেলা পাবনা সরকারি এডওয়ার্ড কলেজ মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি। । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, পাবনা।

**কক্সবাজার জেলা বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং কক্সবাজার জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ১৫-২২ জুন ২০১৯ ০৮ (আট) দিনব্যাপী কক্সবাজার জেলা বইমেলা কক্সবাজার পাবলিক লাইব্রেরি সংলগ্ন শহীদ দৌলত ময়দানে অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি।




কক্সবাজার জেলা বইমেলা ২০১৯-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি




কক্সবাজার জেলা বইমেলা ২০১৯-এর উদ্বোধনী অনুষ্ঠানে  সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব
ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব মিনার মনসুরসহ অন্যান্য অতিথি

**সিলেট বিভাগীয় বইমেলা :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং সিলেট জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বাংলাদেশ জ্ঞান সৃজনশীল প্রকাশক সমিতি এবং বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অংশগ্রহণে ২৪-৩০ জুন ২০১৯ ০৭ (সাত) দিনব্যাপী সিলেট বিভাগীয় বইমেলা শহরের মোহাম্মদ আলী জিমনেসিয়াম, রিকাবীবাজার এ অনুষ্ঠিত হয়। উক্ত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী, বিভাগীয় কমিশনার, সিলেট। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মিনার মনসুর, পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র এবং ড. শেখ মুসলিমা মুন, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব এম কাজী এমদাদুল ইসলাম, জেলা প্রশাসক, সিলেট।




সিলেট বিভাগীয় বইমেলা ২০১৯-এর উদ্বোধনী অনুষ্ঠানে সিলেট বিভাগীয় কমিশনার জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব মিনার মনসুরসহ অন্যান্য অতিথি



বেলুন উড়িয়ে সিলেট বিভাগীয় বইমেলা ২০১৯-এর উদ্বোধন করছেন সিলেট বিভাগীয় কমিশনার জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব মিনার মনসুর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব ড. শেখ মুসলিমা মুনসহ অন্যান্য অতিথি

## বেসরকারি গ্রন্থাগারসমূহ তালিকাভুক্তি

জাতীয় গ্রন্থকেন্দ্র দেশে গ্রন্থাগার আন্দোলনকে ত্বরান্বিত করার লক্ষ্যে বেসরকারিভাবে প্রতিষ্ঠিত গ্রন্থাগারসমূহকে নিবন্ধন/তালিকাভুক্তিকরণের ব্যবস্থা গ্রহণ করে থাকে। প্রতি বছর অসংখ্য বেসরকারি গ্রন্থাগার তালিকাভুক্ত হওয়ার লক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্র বরাবর আবেদন করে থাকে। এ সমস্ত আবেদনের মধ্য হতে তথ্যউপাত্ত যাচাই বাছাই ও সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে প্রকৃত গ্রন্থাগারসমূহকে নিবন্ধন/তালিকাভুক্তিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে। ২০১৮-২০১৯ অর্থবছরে ৮৮টি বেসরকারি গ্রন্থাগারকে যাচাইবাছাইক্রমে তালিকাভুক্তি সনদপত্র প্রদান করা হয়েছে।

## জাতির পিতার জন্মদিবস উপলক্ষে গ্রন্থ প্রদর্শনীর আয়োজন

জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতিবছর বিভিন্ন জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করে থাকে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন (১৭ মার্চ) ও 'জাতীয় শিশু দিবস' উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতার সমাধি কমপ্লেক্স এলাকায় জাতীয় অনুষ্ঠানে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ক গ্রন্থ প্রদর্শনীর আয়োজন করা হয়। ২০১৮-২০১৯ অর্থবছরে জাতীয় গ্রন্থকেন্দ্র উক্ত অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত গ্রন্থ প্রদর্শনীতে অংশগ্রহণ করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই প্রদর্শনী পরিদর্শন করেন।

## জাতীয় শোক দিবস পালন এবং গ্রন্থ প্রদর্শনীর আয়োজন

জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতিবছরই বিভিন্ন দিবসগুলো যথাযোগ্য মর্যাদায় পালন করে থাকে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। দিবসটি পালনের অংশ হিসেবে জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ক গ্রন্থ প্রদর্শনীর আয়োজন করা হয়।




জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ



জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে
'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ক গ্রন্থ প্রদর্শনীর আয়োজন

## আন্তর্জাতিক গ্রন্থদিবস উদযাপন ও সেমিনার আয়োজন

জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতিবছর আন্তর্জাতিক গ্রন্থদিবস, বইমেলা ও বিভিন্ন উপলক্ষে গুরুত্বপূর্ণ সেমিনার আয়োজন করে থাকে। আয়োজিত সেমিনারের উদ্দেশ্য হলো লেখক পাঠক ও গ্রন্থাগারিকদের মধ্যে সেতুবন্ধন, সমন্বিতভাবে পাঠক সৃষ্টির উদ্যোগ গ্রহণ, দক্ষ মানব সম্পদ তৈরি, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার সহায়ক ভুমিকা পালন করা। জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরে এগার (১১)টি গুরুত্বপূর্ণ সেমিনার আয়োজন করা হয় ।




'মাদকের আগ্রাসন প্রতিরোধে পাঠাগার আন্দোলন' শীর্ষক সেমিনারে
জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব মিনার মনসুরসহ অন্যান্য অতিথি



'সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নে বই' শীর্ষক সেমিনারে
বক্তব্য রাখছেন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব মিনার মনসুর

## বেসরকারি গ্রন্থাগারসমূহের মান উন্নয়নের লক্ষ্যে অনুদান প্রদান

দেশের বেসরকারি গ্রন্থাগারগুলোর মান উন্নয়নের মাধ্যমে পাঠকদের সুযোগ-সুবিধা সৃষ্টি, সেবার মান উন্নয়ন, নতুন পাঠক সৃষ্টিতে সহায়তা প্রদানের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতের অনুদানের অর্থ ও বই জাতীয় গ্রন্থকেন্দ্র বেসরকারি গ্রন্থাগারসমূহে সরবরাহ করে। বরাদ্দকৃত অনুদানের অর্থের চেক বেসরকারি গ্রন্থাগারের নামে সংশ্লিষ্ট জেলা প্রশাসন/উপজেলা প্রশাসনের মাধ্যমে গ্রন্থাগারে বিতরণের কাজ সম্পন্ন করা হয়। উল্লেখ্য, ২০১৮-২০১৯ অর্থবছরে বেসরকারি গ্রন্থাগারসমূহের অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে ৭৭৫টি বেসরকারি গ্রন্থাগারের মধ্যে ৩.৭০/- (তিন কোটি সত্তর লক্ষ) টাকা ও ৮০ হাজার কপি বই অনুদান হিসেবে প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থের মধ্যে ৫০% মূল্যমানের বই এবং ৫০% মূল্যমানের অর্থের চেক সংশ্লিষ্ট বেসরকারি গ্রন্থাগারের নামে সরবরাহ করা হয়।

## বেসরকারি গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের প্রশিক্ষণ প্রদান

জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতিবছর তৃণমূল পর্যায়ের বেসরকারি গণগ্রন্থাগারের গ্রন্থাগারিকদের অংশগ্রহণে 'বেসরকারি গ্রন্থাগার ব্যবস্থাপনা, পাঠসেবার মানোন্নয়ন, নতুন পাঠক সৃষ্টি ও গ্রন্থাগারে আধুনিক প্রযুক্তির ব্যবহার' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে থাকে। জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরে ৯০টি বেসরকারি গ্রন্থাগারের ৯০ জন গ্রন্থাগারিককে গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।




বেসরকারি গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ নিজাম উদ্দিন ও জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব মিনার মনসুরসহ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ।

## বিভিন্ন আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ

বহিঃবিশ্বে বাংলাদেশের প্রকাশনা শিল্পকে তুলে ধরা এবং বইয়ের বাজার সৃষ্টি করার লক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ করে থাকে। এসব বইমেলা উপলক্ষে নির্মিত স্টলে বাংলাদেশের বিভিন্ন সৃজনশীল প্রকাশনা প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত উদ্যোগে প্রকাশিত মানসম্পন্ন ও মূল্যবান গ্রন্থ প্রদর্শন করা হয়। জাতীয় গ্রন্থকেন্দ্র ২০১৮-২০১৯ অর্থবছরে নিউইয়র্ক, কলকাতা এবং জার্মানির ফ্রাঙ্কফুর্টসহ চার (০৪)টি আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ করে।

## ত্রৈমাসিক 'বই' পত্রিকা প্রকাশ

দেশের প্রকাশনা জগতের অন্যতম ঐতিহ্যবাহী প্রকাশনা 'বই' । গ্রন্থজগতের তথা বই ও বইয়ের জগৎ সম্পর্কিত এই মাসিক পত্রিকাটি বর্তমানে ত্রৈমাসিক সাময়িকী হিসেবে প্রকাশিত হচ্ছে। এই পত্রিকা গ্রন্থ বিষয়ক বিভিন্ন প্রবন্ধ, নিবন্ধ, নতুন বই, লেখক, পাঠক ও গ্রন্থউন্নয়ন সম্পর্কিত লেখায় সমৃদ্ধ হয়ে প্রতিটি সংখ্যা প্রকাশিত হয়। ২০১৮-২০১৯ অর্থবছরে এই পত্রিকাটির তিন (০৩)টি সংখ্যা প্রকাশিত হয়েছে।




প্রকাশিত ত্রৈমাসিক 'বই' পত্রিকার মার্চ ২০১৯ সংখ্যা

## গ্রন্থাগার নির্দেশিকা প্রকাশ

বেসরকারি গ্রন্থাগার সেবার মানোন্নয়ন এবং গ্রন্থাগার সৃষ্টি সম্প্রসারণের লক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে ২০১৮-২০১৮ অর্থবছরে একটি (০১) বেসরকারি 'গ্রন্থাগার-নির্দেশিকা' প্রকাশ করা হয়েছে।

## গ্রন্থপঞ্জি প্রকাশ

২০১৮-২০১৯ অর্থবছরে একটি (০১) 'গ্রন্থপঞ্জি' প্রকাশ করা হয়েছে।

## ২০১৯-২০২০ অর্থবছরে জাতীয় গ্রন্থকেন্দ্রের কর্মপরিকল্পনা

- বিভাগ/জেলা পর্যায়ে ১২টি বইমেলা আয়োজন;
- বেসরকারি গ্রন্থাগারসমূহের উন্নয়ন ও যুব সমাজকে গ্রন্থাগারমুখী করার লক্ষ্যে ৮০০ বেসরকারি গ্রন্থাগারকে গ্রন্থ ও আর্থিক সহায়তা প্রদান;
- অনুদান হিসেবে বেসরকারি গ্রন্থাগারে ৫২২০০ কপি বই সরবরাহ;
- ১০০টি বেসরকারি গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- ৭৫টি বেসরকারি গ্রন্থাগারকে তালিকাভুক্তিকরণ সনদপত্র প্রদান;
- গ্রন্থাগারে ৫০০০ পাঠককে গ্রন্থাগার সেবা প্রদান;
- 'বই' পত্রিকার ৪টি সংখ্যা প্রকাশ;
- দেশে-বিদেশে গ্রন্থ বিষয়ক মোট ৮টি সেমিনার/ওয়ার্কশপ'এর আয়োজন;
- গ্রন্থাগার ও প্রকাশনা বিষয়ক ২টি তথ্যমূলক নির্দেশিকা প্রকাশ;
- আন্তর্জাতিক গ্রন্থদিবস উদযাপন;
- কলকাতা বইমেলাসহ অন্যান্য দেশে বা শহরে অনুষ্ঠিত ৩টি আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ;
- জাতীয় শোক দিবস এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে দেশব্যাপী বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকেন্দ্রিক ০৪টি বইমেলাসহ সেমিনার/আলোচনা সভার আয়োজন;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে টুঙ্গীপাড়াসহ জাতীয় গ্রন্থকেন্দ্রের নিজস্ব ভবনে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ক ২টি গ্রন্থ প্রদর্শনীর আয়োজন।